# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জেনারেল ম্যানেজার (পশ্চিম) এর কার্যালয়
## বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, রাজশাহী।

বিষয় : বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের 'নৈতিকতা কমিটির' অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জিএম (পশ্চিম)
তারিখ ও সময় : ২২/০৮/২০২০খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ, রাজশাহী।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

২.০০ সভাপতি মহোদয় সভার প্রারম্ভে স্বাগত উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানান। উপস্থিত সকল কর্মকর্তাদের উপস্থিত হাজিরা পরিশিষ্ট-ক আকারে দেওয়া হলো । অতি: জিএম (পশ্চিম) নৈতিকতা কমিটির বিষয়বস্তু উপস্থাপন করেন।

৩.০০ অতিঃজিএম (পশ্চিম) সভায় শুদ্ধাচার কৌশল এর ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রদান করার জন্য গুরুত্বারোপ করেন।

৪.০০ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা, ২০২১-২২ অর্থ বছরে সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপ আলোচনা হয়। প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) কর্ম –পরিকল্পনার দফাওয়ারী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত হয়।

| কার্যক্রম ক্রমিক | বিষয়/কার্যক্রম | আলোচনা ওসিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১.১ | নৈতিকতা কমিটির সভা আয়োজন | প্রতি ত্রৈমাসিকে ১টি করে সভা অনুষ্ঠিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। কোন ত্রৈমাসিকে সভা আয়োজন করা সম্ভব না হলে পরবর্তী সময়ে সভা আয়োজন করা যাবে। তবে, নির্ধারিত ত্রৈমাসিকের সভা পরবর্তী সময়ে আয়োজন করা হলে প্রতিটি সভার বিলম্বের জন্য ০.২৫করে নম্বর কর্তন হবে। প্রতি ত্রৈমাসিকে একটি করে আবশ্যিকভাবে সভা করতে হবে।সভায় সকলকে উপস্থিত থাকার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। **প্রমাণক** : নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী। | অতি:জিএম(পশ্চিম) |
| ১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | প্রতি ত্রৈমাসিকে আয়োজিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন করতে হবে। উল্লেখ্য, মূল্যায়নের সময় নৈতিকতা কমিটির কার্যপরিধির আলোকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের উপর বেশী গুরুত্ব দেয়া হবে। পূর্ণ নম্বর পাওয়ার লক্ষ্যে বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আবশ্যিক ভাবে প্রতি মাসে নির্বাচিত ছক আকারে সংশ্লিষ্ট অংশ পূরণ পূর্বক অত্র দপ্তরকে অবহিত করতে হবে। **প্রমাণক** : নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন। | সকল বিভাগীয় প্রধান |

| কার্যক্রম ক্রমিক | বিষয়/কার্যক্রম | আলোচনা ওসিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে সভা | অংশীজনের অংশগ্রাহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে।ডিসেম্বর ও জুন মাসে সভা অবশ্যই করতে হবে। উক্ত সভায় রেলওয়ে কাটারর্স সার্ভিস, অনার বোর্ড সার্ভিস, ভেন্ডার আমদানি রপ্তানি কারক প্রতিষ্ঠান,ক্যাটেল ও মালামাল পরিবহন, ম্যাংগো পরিবহন সহ রেলওয়ের রাজস্ব আয় বৃদ্ধি পায় এবং জনগনের সেবা অধিকতর নিশ্চিত হয় এমন ব্যক্তিদের সম্পৃক্ত করতে হবে।<br>**প্রমাণক :** অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী এবং হাজিরা। | সিসিএম(পশ্চিম) |
| ১.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | লক্ষ্যমাত্রার বিপরীতে শুদ্ধাচার সংক্রান্ত ন্যূনতম ২টি প্রশিক্ষণ আয়োজন করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। প্রশিক্ষণ দ্বিতীয় ত্রৈমাসিকে সম্পাদন করতে হবে। প্রতিষ্ঠানে সকল স্টেক হোল্ডারের অংশগ্রহন নিশ্চিত করতে হবে।<br>**প্রমাণক :** প্রশিক্ষণের নোটিশ, হাজিরা ও ছবি। | সকল বিভাগীয় প্রধান |
| ১.৫ | কর্মপরিবেশ উন্নয়ন(স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডিভূক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি। | আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন পর্যাক্রমের সংখ্যা ও কার্যক্রম সম্পন্ন করার তারিখের লক্ষ্যমাত্রা অর্জিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। পরিস্কার পরিচ্ছন্নতা বাস্তবায়ন করার জন্য সিটি কর্পোরেশনের প্রধান পরিচ্ছন্নতা কর্মকর্তাকে সিএমও/পশ্চিম চিঠি দিবেন। স্ব স্ব দপ্তর বাস্তবায়ন প্রতিবেদন, প্রযোজ্য ছবি ও অন্যান্য প্রমাণক সরবরাহ করতে হবে।<br>**প্রমাণক :** নৈতিকতা কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত বাস্তবায়ন প্রতিবেদন, সংশ্লিষ্ট পত্র, প্রযোজ্য ক্ষেত্রে ছবি ও অন্যান্য প্রমাণক। | সকল বিভাগীয় প্রধান |
| ১.৬ | জাতীয় শুদ্ধাচার কৌশলকর্মপরিকল্পনা,২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েব সাইটে আপলোডকরণ | নির্ধরিত তারিখের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ প্রণয়ন করে স্ব স্ব দপ্তর/সংস্থায় প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোড করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে কোন নম্বর প্রদান করা হবে না।<br>**প্রমাণক :** স্ব স্ব ওয়েবসাইট। | সিএসটিই(পশ্চিম) |
| ১.৭ | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েব সাইটে প্রকাশ | ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন নির্ধারিত তারিখের মধ্যে না হলে কোন নম্বর প্রদান করা যাবে না।<br>**প্রমাণক :** আদেশ, পত্র , ওয়েবসাইট। | জিএম/প: |
| ২.১ | ২০২১-২০২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ। | ২০২১-২২ অর্থবছরের প্রারম্ভে বার্ষিক ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হলে এবং যথাসময়ে (সংশোধিত বাজেট অনুযায়ী) হালনাগাদ করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। নির্ধারিত তারিখের মধ্যে না হলে প্রতি পাক্ষিকের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। ক্রয় পরিকল্পনা সিএসটিই(পশ্চিম) দপ্তরে ডিএসটিই(সদর) এর নিকট প্রেরণ করতে হবে। না হলে আনুপাতিক হারে নম্বর পাওয়া যাবে।<br>**প্রমাণক :** অফিস আদেশ ও স্ব স্ব ওয়েবসাইট। | সকল বিভাগীয় প্রধান |
| ৩.১ | রেলওয়ে সেবা সপ্তাহ আয়োজন | পরিপূর্ণভাবে রেলওয়ে সেবা সপ্তাহের আয়োজন লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। না হলে আনুপাতিক হারে নম্বর পাওয়া যাবে। সংশ্লিষ্ট আয়েজনের ছবি, ভিডিও অন্যান্য প্রতিবেদন জমা দিতে হবে।<br>**প্রমাণক :** ছবি , ভিডিও ও কার্যক্রম প্রতিবেদন। | সিসিএম/প: |
| ৩.২ | ট্রেনে টিকেট চেকিং কার্যক্রম | ট্রেনে টিকেট চেকিং কার্যক্রম এবং বিনা টিকেটে রেলভ্রমণ রোধ কল্পে ব্যবস্থা গ্রহণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। না হলে আনুপাতিক হারে নম্বর পাওয়া যাবে। টিকেট চেকিং কার্যক্রমে সকল কর্মকর্তাকে সম্পৃক্ত করতে হবে। রেলের আয় বাড়ানোর সর্বাত্তক চেষ্টা করতে হবে।<br>**প্রমাণক :** কার্যক্রম প্রতিবেদন। | সিসিএম/প: |

| কার্যক্রম ক্রমিক | বিষয়/কার্যক্রম | আলোচনা ওসিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.৩ | অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান | অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান সঠিকভাবে পালিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে।অর্জন সম্পূর্ণ হলে আনুপাতিক নম্বর পাওয়া যাবে। যথাসময়ে প্রতিবেদন প্রস্তুত করে বাস্তবায়ন প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। **প্রমাণক :** কার্যক্রম প্রতিবেদন। | সিইও/প: |
| ৩.৪ | নিরাপত্তা সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচার পত্র বিলিকরণ | নিরাপত্তা সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচার পত্র বিলিকরণ শতভাগ অর্জন হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। **প্রমাণক :** বিলবোর্ড , ছবি ও ভিডিও। | সিসিএম, সিসিআরএনবি/প: |
| ৩.৫ | রেলভবন, রাজশাহী ডিজিটাল হাজিরা চালুকরণ | **মূল্যায়ন পদ্ধতি :** অতিসত্তর রাজশাহী রেলভবনে ডিজিটাল হাজিরা চালু করতে হবে।শতভাগ চালু হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। **প্রমাণক :** বাস্তবায়ন প্রতিবেদন। | সকল বিভাগীয় প্রধান |

৫.০০ পরিশেষে জাতীয় শুদ্ধাচার কৌশল-এ সন্নিবেশিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আরো আন্তরিক ও সক্রিয় প্রচেষ্টা গ্রহন করার অনুরোধ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

২২/৮/২০২১

(অজয় কুমার পোদ্দার)
অতিরিক্ত জেনারেল ম্যানেজার(পশ্চিম)
ও সদস্য সচিব নৈতিকতা কমিটি।

O/C

২২/০৮/২০২১ খ্রি:

পরিশিষ্ট-ক

২২.০৮.২০২১ খ্রিষ্টাব্দ তারিখে সকল বিভাগীয় প্রধানগণের সমন্বয়ে জিএম (পশ্চিম)-এর সম্মেলন কক্ষে নৈতিকতা সংক্রান্ত ১ম ত্রৈমাসিক সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | অজয় কুমার পোদ্দার | অতি: জিএম/প: | [signature] 22/8/2021 |
| ২ | মোহাম্মদ আহসান উল্লা ভূঁইয়া | CCM (W) | [signature] 22/08/2021 |
| ৩ | মোঃ আসাদুল ইসলাম | CCRNB/W | [signature] 22/08/21 |
| ৪ | [illegible] | DAO/HQ/W | [signature] 22/8/21 |
| ৫ | মোঃ শামিমুল হক | DFA/HQ/W | [signature] 22/8/21 |
| ৬ | মোঃ রেজুয়ানুল হক | AEO/HQ | [signature] 22/8/2021 |
| ৭ | আহমেদ ইশতিয়াক জহুর | ডিআইজি (সদর) | [signature] 22/8/21 |
| ৮ | মো: শফিকুল ইসলাম | COPS/W | [signature] 22/8/21 |
| ৯ | মুহাম্মদ সাদিকুর রহমান | CEE(W) | [signature] 22/08/21 |
| ১০ | মুহাম্মাদ কুদরত-ই-খুদা | CME/W | [signature] 22/8/21 |
| ১১ | নিয়ামত শরীফ খান | ACE/Br/W | [signature] 22/8/21 |
| ১২ | | | |
| ১৩ | | | |
| ১৪ | | | |
| ১৫ | | | |
| ১৬ | | | |
| ১৭ | | | |
| ১৮ | | | |